

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের উদ্বোধন হয়েছে। আজ বৃহস্পতিবার (১৬ মে ২০২৪) বিশ্ববিদ্যালয়ের গোল চত্বরে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম এ কার্যক্রমের উদ্বোধন করেন।

বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ মহিনুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. আনিসুজ্জামান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মুহাম্মদ আলমগীর সরকার, হযরত বিবি খাদিজা হলের প্রভোস্ট ড. মো. রফিকুল ইসলাম, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট ড. অবন্তী বড়ুয়া, এস্টেট এন্ড হাউজিং শাখার ডেপুটি রেজিস্ট্রার জনাব মো. গোলাপ হোসেন ও শরণ পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মো. আবুল বাশার।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, টেকসই পরিবেশ উন্নয়নের ক্ষেত্রে সঠিক বর্জ্য ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিবেশের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম চালু করা হলো। এখন থেকে ক্যাম্পাসের বর্জ্যগুলো একটি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে সংগ্রহ ও অপসারণ করা হবে। আশা করছি, এ কার্যক্রমে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলে আন্তরিক সহযোগিতা করবেন। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

উল্লেখ্য, শরণ পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে এ কার্যক্রম পরিচালিত হবে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৭৩৩৯৯৮৮৯৪